# ALL INDIA RADIO, SILCHAR

**************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 15-07-2024

***Time: 19:45-19:55 Hrs***

---------------------------------------

১। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের আসামের বন্যা পরিস্থিতি সম্পর্কে টেলিফোনযোগে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার সঙ্গে আলোচনা ।

২। রাজ্য সরকারের ১ লক্ষ নিযুক্তি প্রদানের প্রতিশ্রুতির অংশ হিসেবে আজ মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার শিক্ষা বিভাগের অধীনে ৪১ জন প্রার্থীকে নিযুক্তিপত্র প্রদান ।

৩। আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পাঠ্যক্রম ও প্রশ্নপত্রের নমুনা প্রকাশ ।

এবং

৪। রাজ্যে দারিদ্রতা ৩৬ শতাংশ থেকে ১৯ শতাংশে হ্রাস পেয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার মন্তব্য ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ আসামের বন্যা পরিস্থিতির খোজখবর নেন ।স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ আজ টেলিফোনে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার সঙ্গে রাজ্যের সাম্প্রতিক বন্যা পরিস্থিতির বিষয়ে পর্যালোচনা করেন ।মুখ্যমন্ত্রী জানান যে তিনি রাজ্যের বন্যা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত তথ্য কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে

অবগত করান । এদিকে স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ বন্যা পরিস্থিতি মোকাবিলায় রাজ্যকে সম্ভবপর সবধরণের সহযোগিতা প্রদান করা হবে বলে আশ্বাস দেন ।

---------------------------------------------------------------------

রাজ্যসরকার আজ এক লক্ষ নিযুক্তি প্রদানের অংশ হিসেবে ৪১ জন প্রার্থীকে শিক্ষা বিভাগে নিযুক্তি প্রদান করেছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আনুষ্ঠানিকভাবে নিযুক্তিপত্র বিতরণ করেন । লোকসেবা ভবনে আয়োজিত অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.শর্মা উচ্চ শিক্ষা সঞ্চালকালয়ে ২২ জন , কারিগরী শিক্ষা সঞ্চালকালয়ে ১২ জন এবং রাজ্য শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদে ৭ জন যোগ্য প্রার্থীকে নিযুক্তি প্রদান করেন । এই নিযুক্তি প্রদানের ফলে এপর্যন্ত ৯৭ হাজার ৪৯৫ টি পদে নিযুক্তি সম্পূর্ন হয়েছে ।এদিকে আগামী বছরের এপ্রিল মাসের মধ্যে বিভাগটিতে আরো ১৩ হাজার পদ পূরণ করা হবে বলে মূখ্যমন্ত্রী জানিয়েছেন । বহিঃরাজ্যের প্রার্থীকে চাকুরী দেবার খবরও মূখ্যমন্ত্রী অস্বীকার করেন । তিনি বলেন যে বর্তমান রাজ্য সরকার সম্পূর্ণ স্বচ্ছভাবে মেধার ভিত্তিতে নিযুক্ত প্রদানের পদক্ষেপ গ্রহণ করেছে । মেধার ভিত্তিতে হওয়া নিযুক্তিগুলি আস্থা ও বিশ্বাসের পরিবেশ গড়ে তুলে রাজ্যের শিক্ষার্থীদের মধ্যে অধ্যয়নের স্পৃহা বৃদ্ধি করা সহ শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র ছাত্রীদের উপস্থিতির পরিমাণ তথা শিক্ষার পরিবেশ উন্নত করার ক্ষেত্রেও উৎসাহ যোগাচ্ছে বলে মূখ্যমন্ত্রী উল্লেখ করেন । আগামী ১৫ আগস্ট রাজ্য সরকার পুনরায় ১ হাজার যুবক যুবতীকে নিযুক্তি প্রদানের জন্য পদক্ষেপ গ্রহণ করেছে বলেও মূখ্যমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------

আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পাঠ্যক্রম এবং প্রশ্নের নমুনা আজ রাজ্য সরকার প্রকাশ করেছে । ঘোষণা করা বিষয়বস্তু অনুসারে চতুর্থ শ্রেণীর জন্য লিখিত পরীক্ষা দুটি বিভাগে অনুষ্ঠিত হবে । প্রথম বিভাগে অষ্টম শ্রেণী পর্যন্ত এবং দ্বিতীয় বিভাগে দশম শ্রেণীর পাঠ্যক্রম অর্ন্তভুকত করা হয়েছে । প্রশ্নপত্রে অসমীয়া ভাষা সহ হিন্দী ,বাংলা, ইংরাজী ও বড়ো ভাষায় উপলব্ধ হবে ।১৩৫ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং প্রতিটি প্রশ্নে এক নম্বর থাকবে । প্রতিটি ভুল উত্তরের জন্য দশমিক ২৫ নম্বর কর্তন করা হবে

। এদিকে তৃতীয় শ্রেণীর পরীক্ষা তিনটি বিভাগে অনুষ্ঠিত হবে । প্রথম বিভাগ স্নাতক পর্যায় এবং দ্বিতীয় বিভাগ উচ্চতর মাধ্যমিক পর্যায়ে অনুষ্ঠিত হবে । প্রথম বিভাগে মোট ১৫০ টি প্রশ্ন থাকবে এবং মোট নম্বর ১৭৫ । দ্বিতীয় বিভাগে ১৫০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে । তৃতীয় বিভাগে চালকের জন্য অনুষ্ঠিত পরীক্ষায় মাধ্যমিক উত্তীর্ণ প্রার্থীরা অবতীর্ণ হবে । তৃতীয় বিভাগেও ১৫০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে । তৃতীয় শ্রেণীর পরীক্ষাতেও প্রতিটি ভূল উত্তরের জন্য দশমিক ২৫ নম্বর কর্তন করা হবে ।

---------------------------------------------------------------------------

জাতীয় পরীক্ষণ সংস্থা অর্থাৎ এন টি এ হয়রানির শিকার পরীক্ষার্থীদের জন্য স্নাতক পর্যায়ে নাম ভর্তির প্রবেশ পরীক্ষা সি ইউ ই টি-ইউ জি পুনরায় অনুষ্ঠিত করবে বলে ঘোষণা করেছে । এই পরীক্ষা আগামী ১৯ জুলাই অনুষ্ঠিত হবে । ভুক্তভোগী সব পরীক্ষার্থীদের ই-মেইলের মাধ্যমে এই খবর প্রেরণ করা হয়েছে । পরীক্ষার্থীদের প্রবেশ-পত্র শীঘ্র প্রদান করা হবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

দক্ষতা ভারত প্রকল্পের অধীনে দেশে এপর্যন্ত এক কোটি ৪৬ লক্ষেরও অধিক লোকের দক্ষতার বিকাশ ঘটেছে বলে কেন্দ্রীয় দক্ষতা বিকাশ ও উদ্যমিতা মন্ত্রী জয়ন্ত চৌধুরী জানিয়েছেন । নতুন দিল্লীতে আজ আয়োজিত বিশ্ব যুব দক্ষতা দিবসের কার্যসূচীতে অংশগ্রহণ করে মন্ত্রী বলেন যে দক্ষতা বিকাশের ক্ষেত্রে ভারতের বিশেষ যাত্রার অভিজ্ঞতা রয়েছে এবং ১০ বছর পূর্বে দক্ষতা বিকাশ ও উদ্যমিতাকে পৃথক মন্ত্রণালয় হিসেবে গঠন করা হয় । বিগত ১০ বছরের সাফল্য থেকে শিক্ষা গ্রহণ করে তাঁর মন্ত্রনালয় সর্বাত্মক প্রকল্প রূপায়ন দ্বারা ২০৪৭ সালের মধ্যে ভারতকে বিকশিত রাষ্ট্র হিসেবে গড়ে তোলার যাত্রায় উৎসাহ যোগাবে বলেও তিনি উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন যে তিস্তা প্রকল্প বাস্তবায়নে ভারত এগিয়ে এলে বাংলাদেশ সরকার প্রয়োজনীয় সব সুযোগ-সুবিধা প্রদান করবে । । শ্রীমতি হাসিনা তার চীন ভ্রমন প্রসঙ্গে ঢাকায় আয়োজিত এক

সাংবাদিক সম্মেলনে একথা জানিয়ে বলেন যে চীন তিস্তা প্রকল্প সর্ম্পকে বেশ কয়েকটি প্রস্তাব দিয়েছে এবং এ বিষয়ে সম্ভাব্য অধ্যয়ন করছে । ভারতও এ ক্ষেত্রে প্রস্তাব দেওয়ার পাশাপাশি তিস্তা প্রকল্প সম্পর্কে অধ্যয়ন করবে বলে উল্লেখ করে  প্রধানমন্ত্রী শ্রী মতি হাসিনা বলেন যে বাংলাদেশ এক্ষেত্রে ভারতকে প্রাধান্য দেবে । তিনি আরো বলেন যে ভারত তিস্তা নদীর সঙ্গে যুক্ত এবং এজন্যই ভারতে এই প্রকল্প রূপায়ন করা উচিত ।   এই প্রকল্প সর্ম্পকে ভারতের অধ্যায়ন শেষ হলে , বাংলাদেশ নিজের সুবিধা অনুসারে এই প্রস্তাব গ্রহন করবে । উল্লেখ্য ভারত ও বাংলাদেশে  ৫৪টি নদী রয়েছে এবং বাংলাদেশের  প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাম্প্রতিক ভারত সফরের সময়  উভয় দেশ তিস্তা নদীর সংরক্ষন এবং ব্যবস্থাপনার বিষয়ে আলোচনার জন্য সম্মতি প্রকাশ করেছিলো ।

-----------------------------------------------------------------------------

রাজ্যে দারিদ্রতার হার ৩৬ শতাংশ থেকে ১৯ শতাংশে হ্রাস পেয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ দিসপুরে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে জানান ।মুখ্যমন্ত্রী বলেন যে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে রাজ্য সরকার দারিদ্রতা নির্মূল করতে সক্ষম হয়েছে ।গতকাল নীতি আয়োগের প্রকাশ করা বহনক্ষম উন্নয়নের লক্ষ্য সম্পর্কীত সূচক বৃদ্ধি পাওয়া প্রসঙ্গে মুখ্যমন্ত্রী এ কথা জানান ।নীতি আয়োগের বহনক্ষম উন্নয়নের লক্ষ্য সম্পর্কীত সূচকে আসামের র‍্যাংক ৭১ এ বৃদ্ধি পাওয়া একটি ইতিবাচক দিক বলে মুখ্যমন্ত্রী জানান ।তিনি বলেন যে নিযুত ময়না , অরুণোদয় , নতুন কলেজ স্থাপন ,ছাত্রীদেরকে স্কুটি বিতরণ ইত্যাদি রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প বহনক্ষম উন্নয়নের লক্ষ্য সম্পর্কীত সূচক বৃদ্ধি করেছে ।

-----------------------------------------------------------------------------

রাজ্য সরকারের স্থাপন করা ইংরাজী মাধ্যমের সি বি এস ই পাঠ্যক্রমের আধারে শিক্ষাদান করা আদর্শ বিদ্যালয় সমুহের শিক্ষার্থীদের উত্তীর্ণের হার ৯৬ শতাংশ স্পর্শ করেছে বলেছে

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানান ।গতকাল গুয়াহাটীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে আদর্শ বিদ্যালয় সংগঠনের উদ্যোগে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান

উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন ।আদর্শ বিদ্যালয় প্রতিষ্ঠা রাজ্যের শিক্ষা জগতে ব্যাতিক্রমী সংযোজন বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।এই বিদ্যালয় সমুহের ফলাফল রাজ্য সরকারের আদর্শ বিদ্যালয় প্রতিষ্ঠা করার সিদ্ধান্তের যথার্থতা প্রতিপন্ন করেছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী এই ক্ষেত্রে বিদ্যালয়ের শিক্ষকদের নিষ্ঠা ও দায়বদ্ধতার প্রশংশা করেন ।অন্যদিকে আদর্শ বিদ্যাক্ষলয়ের সমান্তরালভাবে সরকার মাতৃভাষা মাধ্যমের বিদ্যালয় সমুহের উত্তরণের জন্যও সম্পূর্ণ সচেতন বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------

আসাম রাজ্য প্রাথমিক শিক্ষক সম্মিলনী চলতি বছরের দ্রোণাচার্য পুরস্কার ও শিক্ষক শ্রী পুরস্কার প্রাপকের নাম ঘোষণা করেছে ।শিক্ষক সম্মিলনীর পক্ষ থৈকে জানানো হয়েছে যে শোনিতপুর বালিপারা প্রথমিক শিক্ষা খন্ডের অধীন সরু পাটগাঁও প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নকুল কুর্মীকে দ্রোণাচার্য পুরস্কার এবং কামরূপ জেলার ফুলগুরী প্রাথমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক নবীন চন্দ্র দাসকে শিক্ষক শ্রী পুরস্কারের জন্য মনোনীত করা হয়েছে ।আগামী ২৫ শে জুলাই হাইলাকান্দিতে অনুষ্ঠেয় আসাম রাজ্য প্রাথমিক শিক্ষক সম্মিলনীর অধিবেশনে এই পুরস্কার প্রদান করা হবে ।

---------------------------------------------------------------------------

আজ উল্টোরথ । এ উপলক্ষ্যে পুরীর জগন্নাথধাম সহ সমগ্র দেশে আজ যথাযোগ্য মর্য্যাদায় ও উৎসাহ-উদ্দীপনায় এই উৎসব পালন করা হয়েছে । ভগবান শ্রী জগন্নাথ, ভ্রাতা বলভদ্র ও বোন সুভদ্রাকে নিয়ে আজ ৮ দিন পর মাসির বাড়ি থেকে নিজ গৃহে ফিরে আসেন।

এদিকে বরাক উপত্যকার তিন জেলার বিভিন্ন মঠ-মন্দিরেও আজ উল্টোরথ উপলক্ষ্যে বিশেষ পূজা , প্রার্থনা সহ বিকেলে নগর পরিক্রমার আয়োজন করা হয় ।

শিলচর শহরের ইসকন মন্দিরের পক্ষ থেকে উল্টরথ বের হয়ে শহর পরিক্রমা করে পুনরায় অম্বিকাপট্টিতে গিয়ে শেষ হয় । এদিকে শ্যামসুন্দর আখড়া , গোপাল আখড়া , তারাপুর মদনমোহন আখড়ার পক্ষ থেকেও উল্টোরথ বের করা হয় ।

---

এদিকে আজ করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলায়ও উল্টরথ উপলক্ষে শ্রী শ্রী জগন্নাথ বলভদ্র ও সুভদ্রাকে নিয়ে সুসজ্জিত রথ বিভিন্ন সড়ক পরিক্রমা করে নিজ নিজ মন্দির মঠ ইত্যাদিতে ফিরে আসে ।

করিমগঞ্জ শহরের মদনমোহন আখড়া , টাউন কালীবাড়ী , ইসকন গাছকালীবাড়ী সহ অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান থেকেও রথ বের হয়ে শহর পরিক্রমা করে । জেলার বদরপুর ,পাথারকান্দি , নিলামবাজার , বারইগ্রামেও আজ উল্টরথ বের হয় ।

হাইলাকান্দি শহরের আদি কালী বাড়ির সামনে থেকে উল্টরথ বের হয়ে বানেশ্বর শিব মন্দিরে গিয়ে শেষ হয় । এদিকে আজ জেলার কাটাখাল , লালা, আলগাপুর, কাটলিছড়ায়ও অগনিত জনসাধারন উল্টরথের রশিতে টান দিয়েছেন ।

---

করিমগঞ্জ জেলার পাথারকান্দি বিধানসভা এলাকার খালপার গ্রামে আগামীকাল ১৯৪তম সপ্তরথ উৎসব অনুষ্ঠিত হবে । এ উপলক্ষ্যে জেলা আয়ুক্ত মৃদুল যাদব ও বিধায়ক কৃষনেন্দু পাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । উল্লেখ্য খালপার গ্রামের সাতটি গ্রাম যথাক্রমে বিলবাড়ি , উত্তর বিলবাড়ী , পাত্রগ্রাম , পেঁকুরগ্রাম ,মন্ত্রীগ্রাম ,ছাত্রাগ্রাম ও নয়াডহর গ্রামে সুসজ্জিত রথ এই উৎসবে অংশগ্রহন করবে ।

---

করিমগঞ্জ জেলা প্রশাসনের পক্ষ থেকে বন্যা পরবর্তী শিশুদের মধ্যে ডায়রিয়া রোগ প্রতিরোধে বিহিত ব্যবস্থা গ্রহনের উদ্দেশ্যে আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় ডি পি এম হানিফ মোহম্মদ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে পাঁচ বছর বয়স পর্য্যন্ত বয়সের শিশুদের ডায়রিয়া রোগ নিয়ন্ত্রনে গ্রহন করা পদক্ষেপ সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে

ধরেন । সভায় আরো জানানো হয় যে ডায়রিয়া যথা সময়ে শনাক্ত হলে এবং চিকিৎসা করলে শিশুকে মৃত্যু থেকে রক্ষা করা যায় । ডায়রিয়া নিয়ন্ত্রনে পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা , ও আর এস এবং জিংকের ব্যবহারের পাশাপাশি ৬ মাস বয়স পর্য্যন্ত শিশুদের মাতৃদুগ্ধ পান করানোর পরামর্শ প্রদান করা হয় । আজকের সভায় যুগ্ম সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং , অতিরিক্ত মুখ্য চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারীক ডক্টর এম সূত্রধর , ভারপ্রাপ্ত জেলা প্রাথমিক শিক্ষা আধিকারীক প্রিয়াঙ্কা ইয়ুমনাম প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------

পঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত , পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে আজ শিলচরে বিশ্ব যুব দক্ষতা দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ সফল উদ্যোক্তাদের সম্মান জানানো হয়েছে । বিশ্ব যূব দক্ষতা দিবস উপলক্ষ্যে সভায় শাহেদ চৌধুরী , সুরজ সূত্রধর , পূর্নিমা চন্দ প্রমূখ প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------

শিলচরের ই আর সি চক্ষু হাসাপাতালের উদ্যোগে আগামী বুধবার কচুদরম ইষ্ট সোনাই সিনিয়র সেকেন্ডারী বিদ্যালয় প্রাঙ্গনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------